

 **জগন্নাথ বিশ্ববিদ্যালয়**  
**Jagannath University**  
শরৎ উৎসব ১৪২৬ অনুষ্ঠিত



১ অক্টোবর, ২০১৯-মঙ্গলবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের আয়োজনে শান্ত চত্বর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শরৎ উৎসব ১৪২৬ অনুষ্ঠানের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের উপদেষ্টা ড. বজলুর রশীদ খান, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন, প্রক্টর ড. মোস্তফা কামাল, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের সভাপতি ফাইয়াজ হোসেন, সাধারণ সম্পাদক মোঃ সাঈদ মাহাদী সহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থীবৃন্দ অনুষ্ঠান উপভোগ করেন। উল্লেখ্য গত কয়েক বছরের ন্যায় এবারও সাংস্কৃতিক কেন্দ্রের শিক্ষার্থীবৃন্দের বাংলা সংস্কৃতি ধারণ ও শরৎকে উপজীব্য করে দিনব্যাপী বিভিন্ন পরিবেশনা অনুষ্ঠিত হয়।